




স্মারক নং-সিভাসু/ছা: ক:/অ:যো:-২/২০২৩/৭০৬৩

তারিখ: ২২/০৭/২০২৫ খ্রি.

## বিজ্ঞপ্তি

এতদ্বারা চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় (সিভাসু) অফিসার সমিতি এবং চট্টগ্রাম মেট্রোপলিটন হাসপাতালের এর মধ্যে ২০২৩ সালে একটি সমঝোতা চুক্তি (MoU) স্বাক্ষরিত হয়, যা সিভাসু'র কর্মকর্তাদের স্বাস্থ্য সেবা প্রদানের লক্ষ্যে সম্পাদিত হয়। পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের পরিচালক, ছাত্রকল্যাণ দপ্তরের উদ্যোগে শিক্ষার্থীদের স্বাস্থ্য সেবা সংক্রান্ত বিষয়ে সিভাসু এবং উক্ত প্রতিষ্ঠানের মধ্যে পৃথকভাবে ২০২৪ সালে একটি সমঝোতা চুক্তি (MoU) স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তির আওতায় সিভাসু'র শিক্ষার্থীরা চিকিৎসা সেবা ও বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষায় বিশেষ ছাড় সুবিধা পাবেন। সাম্প্রতিক সময়ে হাসপাতাল কর্তৃপক্ষের সাথে আলোচনা সাপেক্ষে এই সুবিধা সম্প্রসারিত করে সিভাসু'র সম্মানিত শিক্ষক এবং কর্মচারীদের অন্তর্ভুক্ত করা হয়েছে। এরই ধারাবাহিকতায় সিভাসু'র শিক্ষক এবং কর্মচারীগণও চিকিৎসা সেবা ও বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষায় বিশেষ ছাড় সুবিধা গ্রহণ করতে পারবেন।

বিশেষ ছাড় সুবিধা গ্রহণের নিমিত্তে সংশ্লিষ্ট সকলকে চট্টগ্রাম মেট্রোপলিটন হাসপাতাল কর্তৃক প্রদত্ত কার্ড /সিভাসু'র পরিচয়পত্র প্রদর্শন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

  
(অধ্যাপক ড. মোহাম্মদ রাশেদুল আলম)

পরিচালক, ছাত্রকল্যাণ

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় (সিভাসু)

খুলশী, চট্টগ্রাম-৪২২৫

অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১-৪। ডিন, ভেটেরিনারি মেডিসিন অনুষদ/ফুড সায়েন্স এন্ড টেকনোলজি অনুষদ/ফিশারিজ অনুষদ/বায়োটেকনোলজি ও জেনেটিক ইঞ্জিনিয়ারিং অনুষদ, সিভাসু।
- ৫। পরিচালক, আইসিটি সেল, সিভাসু। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৬। রেজিস্ট্রার, সিভাসু।
- ৭। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, সিভাসু।
- ৮। নোটিশ বোর্ড, সিভাসু।
- ৯। অফিস কপি।